আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর ।

সপ্তম সপ্তাহ

শ্রেণি: ৬ষ্ঠ **বিষয়: গণিত**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	প্রথম অধ্যায়: স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ	১.১ অঙ্ক পাতন ১.২ দেশীয় সংখ্যা পঠন রীতি ১.৩ আন্তর্জাতিক গণনা পদ্ধতি ১.৪ দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক ১.৫ মৌলিক ও যৌগিক সংখ্যা ১.৬ সহমৌলিক সংখ্যা ১.৭ বিভাজ্যতা ১.৮ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক ১.৯ লঘিষ্ঠ সাধারণ গুণিতক ১.১০ গ.সা.গু ও ল. সা. গু এর মধ্যে সম্পর্ক ১.১১ সাধারণ ভগ্নাংশ ১.১২ ভগ্নাংশের তুলনা ১.১৩ ভগ্নাংশের যোগ ও বিয়োগ ১.১৪ ভগ্নাংশের গুণ ১.১৫ ভগ্নাংশের ভাগ ১.১৬ ভগ্নাংশের গুণনীয়ক ও গুণিতক ১.১৭ ভগ্নাংশের গ.সা.গু ১.১৮ ভগ্নাংশের ল.সাগু ১.১৯ ভগ্নাংশের সরলীকরণ ১.২০ দশমিক ভগ্নাংশের যোগ ১.২১ দশমিক ভগ্নাংশের বিয়োগ ১.২২ দশমিক ভগ্নাংশের গুণ ১.২৩ দশমিক ভগ্নাংশের ভাগ ১.২৪ দশমিক ভগ্নাংশের গ.সা.গু ও ল. সা গু	০২। ৩০ মিটার লম্বা একটি দেয়ালের ৩$\frac{২}{২৫}$ মিটার কালো, ৯$\frac{১}{৪}$ মিটার লাল, ৪$\frac{৩}{১০}$ মিটার হলুদ এবং ২$\frac{১}{৪}$ মিটার কমলা রং করা হলো। (ক) দেয়ালটির কালো রঙের অংশটি কোন ধরনের ভগ্নাংশ? (খ) দেয়ালটির কালো এবং হলুদ অংশের গুণফল দশমিকে নির্ণয় কর। (গ) দেয়ালটির কত অংশ রং করা বাকী রইল, তা নির্ণয় কর। (ঘ) ৩০ — কালো অংশ ÷(লাল অংশ—হলুদ অংশ) × কমলা অংশ = কত অংশ হবে, তা নির্ণয় কর।	ভগ্নাংশের যোগ,বিয়োগ, গুণ ও ভাগের নিয়ম অনুসরণ করে সমস্যাটি সমাধান করবে।	ক. ভগ্নাংশের প্রকার চিহ্নিতকরণ খ. ভগ্নাংশের গুণফলকে দশমিকে রুপান্তরকরণ গ. ভগ্নাংশের বিয়োগফল শিখন ঘ. ভগ্নাংশের সরলীকরণ

শিক্ষকঃ মোঃ আহসান হাবিব মোবাইলঃ ০১৭২১৭৮৮০৭৫

শ্রেণি: ৬ষ্ঠ **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: ধর্মগ্রন্থ	**পাঠ ১:** ধর্মগ্রন্থের ধারণা **পাঠ ২ ও ৩:** বেদের সাধারণ পরিচয় **পাঠ ৪:** বেদের শিক্ষা ও গুরুত্ব পাঠ ৫: শ্রীমদ্‌ভগবদ্‌ গীতার পরিচয় **পাঠ ৬:** শ্রীমদ্‌ভগবদ্‌ গীতা ও শ্রীকৃষ্ণের মুখ নিঃসৃত বাণী **পাঠ ৭:** শ্রীমদ্‌ভগবদ্‌ গীতার গুরুত্ব	অনাসক্ত কর্ম সম্পর্কে শ্রীকৃষ্ণের বাণীসমূহ তোমার ব্যক্তি জীবনে কীভাবে প্রয়োগ করবে তার একটি বর্ণনা তুলে ধর। **সংকেত:** শ্রীকৃষ্ণের প্রাসঙ্গিক কয়েকটি বাণী ব্যবহার করে তার ভিত্তিতে লিখতে হবে।	শিক্ষার্থী লেখার ক্ষেত্রে পাঠ্যপুস্তক এবং পবিত্র ধর্মগ্রন্থ গীতার সাহায্য নিয়ে লিখবে। *পারিবারিক অভিজ্ঞতা থেকে ধারণা নিয়ে লিখা যেতে পারে	**অতি উত্তম:** ১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন ২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর সঠিক ব্যবহার রয়েছে) ও ধারণার যৌক্তিক উপস্থাপন ৩. উপস্থাপনায় নিজস্বতা (নিজের ভাষায় লেখা) **উত্তম:** ১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন ২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর ব্যবহার রয়েছে) তবে ধারণার যৌক্তিক উপস্থাপনা নেই ৩. উপস্থাপনায় নিজস্বতা **ভালো:** ১. কিছু সহজ এবং জটিল ভাষার সংমিশ্রনে উপস্থাপন ২. বিষয়বস্তুতে প্রাসঙ্গিকতা রয়েছে (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর ব্যবহার রয়েছে) তবে কিছু অপ্রাসঙ্গিক কথা রয়েছে, ধারণার সঠিক ও যৌক্তিক উপস্থাপনা নেই ৩. উপস্থাপনায় বইয়ের ভাষা রয়েছে তবে কিছু নিজস্বতাও রয়েছে **অগ্রগতি প্রয়োজন:** ১. ভাষা পরিষ্কার ও সহজবোধ্য নয়। ২. বিষয়বস্তুত মূলত অপ্রাসঙ্গিকতা, ধারণার সঠিক ও যৌক্তিক উপস্থাপনা নেই ৩. উপস্থাপনায় নিজস্বতার অভাব রয়েছে/ অনুকরণের ছাপ

শিক্ষক ডালিম কুমার রায় মোবাইলঃ ০১৭৩৭৫০৩২১২